



বিআইডব্লিউটিসি
বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশন
নৌপরিবহন মন্ত্রণালয়
ফেয়ারলী হাউজ, ২৪, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা।
[website: www.biwtc.gov.bd](http://www.biwtc.gov.bd)

শেয়ারিং ভিত্তিতে আবাসিক ভবন নির্মাণের বিজ্ঞপ্তি

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের খুলনা অঞ্চলের বঙ্গবে ০.৫৬ একর জমির উপর কেডিএর সর্বশেষ নীতিমালা ও বিল্ডিং কোড অনুযায়ী শেয়ারিং ভিত্তিতে বহুতল বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণের জন্য খ্যাতিসম্পন্ন ডেভেলপার/নির্মাণ প্রতিষ্ঠানের নিকট হতে লে-আউট প্লান, পার্সপেক্টিভ ভিউ, ফ্লোর প্লান, স্পেস/ইউনিট প্লান, সেকশন ও এ্যালিভেশনস সহ বিস্তারিত প্রস্তাব আহ্বান করা যাচ্ছে।

কর্পোরেশনের খুলনা অঞ্চলের বঙ্গবে জমিটির এক পার্শ্বে প্রায় ৩০ ফুট প্রশস্ত রাস্তা রয়েছে। উক্ত জমিতে মোট কত বর্গফুট আবাসিক স্পেস হতে পারে এবং কর্পোরেশন ও ডেভেলপারের মধ্যে শেয়ারিং এর অনুপাতে কি হতে পারে সে বিষয়ে বিস্তারিত প্রস্তাব সহ লে-আউট প্লান, আর্কিটেকচারাল নকশা ও সম্ভাব্য ব্যয় সম্বলিত প্রস্তাব আগামী ১১/১১/২০২৬ ইং তারিখ বেলা ১৪:০০ ঘটিকা পর্যন্ত কর্পোরেশনের ফেয়ারলী হাউজ, ২৪, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা এর দপ্তরে রক্ষিত বাক্সে জমা দিতে হবে। প্রস্তাব জমা দেওয়ার নির্ধারিত সময় সম্পন্ন হওয়ার পর কোন প্রস্তাব গ্রহণ করা হবে না। একই দিন বেলা ১৪:৩০ ঘটিকায় উপস্থিত প্রস্তাবক/তাদের প্রতিনিধিদের সম্মুখে খোলা হবে। যে সকল প্রতিষ্ঠান বিগত ০৩ বছরে কমপক্ষে ৩.০০ (তিন) কোটি টাকার একক আবাসিক/বহুতল ভবন নির্মাণের কাজ সামগ্রিকভাবে সম্পন্ন করেননি তারা আবেদন করার যোগ্য বলে গণ্য হবেন না।

আগ্রহী প্রতিষ্ঠান সমূহকে প্রস্তাবের সাথে নিম্নলিখিত কাগজ পত্র জমা প্রদান করতে হবে।

১. প্রস্তাবদাতা প্রতিষ্ঠানের হালনাগাদ গঠনতন্ত্র, ট্রেড লাইসেন্স ও রেজিস্ট্রেশনের সত্যায়িত ফটোকপি।
২. বিগত ০৩ বছরে সমাপ্ত ও বর্তমানে চলমান আবাসিক ভবন নির্মাণ কাজের বিবরণ, মালিক পক্ষের সন্তোষজনক সনদ/কার্যাদেশের সত্যায়িত কপি।
৩. বিগত ০৩ বছরে প্রদত্ত ই-টি.আই.এন (E-TIN), আয়কর পরিশোধের সার্টিফিকেট এবং হালনাগাদ ভ্যাট (VAT) রেজিস্ট্রেশন প্রদানের সত্যায়িত ফটোকপি।
৪. প্রতিষ্ঠানের নামে সার্বক্ষণিক কর্মরত অভিজ্ঞ স্থপতি, স্নাতক পুর প্রকৌশলী, বিদ্যুৎ প্রকৌশলী ও ডিপ্লোমা প্রকৌশলীদের হালনাগাদ তালিকা।
৫. প্রতিষ্ঠানে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন ১ (এক) জন স্নাতক ডিগ্রীধারী স্থপতি, কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন ০২ (দুই) জন স্নাতক পুর প্রকৌশলী এবং ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা সম্পন্ন ০১ (এক) জন বৈদ্যুতিক স্নাতক প্রকৌশলী ডিগ্রীধারী সক্রিয় থাকতে হবে।
৬. অফিস চলাকালীন সময়ে কর্পোরেশনের নির্বাহী প্রকৌশলী (পুর), ফেয়ারলী হাউজ, ২৪, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা এর কার্যালয়ে যোগাযোগের মাধ্যমে প্রস্তাবিত সাইটের লে-আউট প্লান ও এতদসংক্রান্ত বিষয়ে তথ্যাদি জানার সুযোগ রয়েছে। এছাড়াও কর্তৃপক্ষের পূর্বা অনুমোদনক্রমে সাইট পরিদর্শন করা যাবে।
৭. কোন কারণ ছাড়াই কর্তৃপক্ষ এক বা একাধিক প্রতিষ্ঠানের মধ্যে কাজ বন্টন করা কিংবা কোন প্রস্তাব গ্রহণ বা বাতিল করার পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন।
৮. কোন কারণে প্রস্তাব সমূহ গ্রহণ/খোলা তারিখ সরকারী ছুটি হলে পরবর্তী কার্য দিবসে তা খোলা হবে।

শর্তাবলী

১. আবাসিক ভবন নির্মাণে আগ্রহী ডেভেলপার প্রতিষ্ঠানকে সরেজমিনে সাইট পরিদর্শন পূর্বক প্রস্তাব দাখিল করতে হবে। পরবর্তীতে সাইট সংক্রান্ত কোন ওজর/আপত্তি গ্রহণযোগ্য হবে না।
২. প্রস্তাবের সাথে সংস্থার অনুকূলে ২০,০০,০০০.০০ (বিশ লক্ষ) টাকার আর্নেস্ট মানি (Earnest Money) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে দাখিল করতে হবে। আর্নেস্ট মানি ব্যাতিত কোন প্রস্তাব বিবেচিত হবে না।
৩. সফল প্রস্তাব দাতাকে লেটার অব এনটেন্ট (LOI) ইস্যুর পর পারফরমেন্স সিকিউরিটি হিসাবে নির্মাণ কাশীন পূর্ণ মেয়াদের জন্য যে কোন তফসিল ব্যাংক হতে ইস্যুকৃত ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকার ব্যাংক গ্যারান্টি দাখিল করতে হবে।
৪. দরপত্রের সাথে প্রস্তাব দাতা প্রতিষ্ঠানের মামলা সংক্রান্ত ইতিহাস (Litigation history) নোটারাইজড করে দাখিল করতে হবে।
৫. চুক্তি সম্পাদনের পর ৩৬ (ছত্রিশ) মাস সময়সীমার মধ্যে সার্বিক কাজটি সম্পন্ন পূর্বক সংস্থার প্রাপ্য অংশ/আবাসিক স্পেস পুঞ্জানুপুঞ্জরূপে বুঝিয়ে দিতে হবে।
৬. নির্ধারিত সময়ের মধ্যে ভবন বুঝিয়ে দিতে ব্যর্থ হলে প্রথম ৬ (ছয়) মাস বিলম্বের জন্য প্রতিমাসের জন্য বর্গফুট প্রতি ৩০.০০ (ত্রিশ) টাকা এবং পরবর্তী ৬ (ছয়) মাসের জন্য বর্গফুট প্রতি ৫০.০০ (পঞ্চাশ) টাকা হারে জরিমানা ধার্য করা হবে।
৭. নির্মাণ সামগ্রীর মূল্যবৃদ্ধি, পরিবহণ সমস্যা, স্থানীয় কোনো প্রতিদ্বন্দ্বিতার অজুহাতে কাজ স্থগিত বা বিলম্ব করা যাবে না।
৮. প্রকল্পের সকল ধরনের আর.সি.সি কলাম, বীম, লিফট কোর, রুফ ট্রাব, শেয়ার ওয়াল ইত্যাদি সার্বিক গুণগতমান সম্পন্ন স্টোন চিপস দ্বারা কাস্টিং করতে হবে।


(ইলেক্ট্রনিক সীল) ০৫-১০-২৬
নির্বাহী প্রকৌশলী (পুর)
বিআইডব্লিউটিসি, ঢাকা।